অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/28/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের ঐতিহাসিক সংরক্ষণ পুরস্কার 2022 ঘোষণা করলেন

দশটি পুরস্কার এমন ব্যক্তি ও প্রকল্পকে তুলে ধরে যা ঐতিহাসিক স্থানের সংরক্ষণ ও অভিযোজিত পুনর্ব্যবহারে অবদান রেখেছে

ছবি এখানে আছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নয়টি প্রকল্প ও একজন ব্যক্তিকে 2022 নিউ ইয়র্ক স্টেট ঐতিহাসিক সংরক্ষণ পুরস্কার (New York State Historic Preservation Awards) দ্বারা স্বীকৃতি প্রদান করা হয়েছে। এই বছরের পুরস্কারে তুলে ধরা প্রকল্পসমূহের মধ্যে আছে শ্যাটাকোয়া কাউন্টির একটি ঐতিহাসিক জেলাতে একটি সম্প্রদায়ের নেতৃত্বের স্থাপনা, ওয়েস্টচেস্টার কাউন্টির ঐতিহাসিক বাগান স্থানের রূপান্তরকারী নকশা, এবং নিউ ইয়র্ক সিটির একটি ঐতিহাসিক পিয়ারের সম্পূর্ণ সংস্কার।

"নিউ ইয়র্কজুড়ে উল্লেখযোগ্য ল্যান্ডমার্ক সংরক্ষণ আমাদেরকে আমাদের এক ইতিহাসকে উদযাপন ও সামগ্রিক অতীতকে সম্মান জানাতে দেয়," **গভর্নর হোকল বলেন।** "আমাদের স্টেটের জন্য উজ্জ্বলতর ভবিষ্যৎ গঠন করতে আমাদের ঐতিহাসিক ও সাংস্কৃতিক সংস্থান ব্যবহার করতে এই বছরের প্রাপকদের প্রচেষ্টার জন্য আমি তাদের অভিনন্দন জানাচ্ছি।"

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিস (Office of Parks, Recreation and Historic Preservation, OPRHP) প্রতি বছর ঐতিহাসিক ও সাংস্কৃতিক সংস্থানের সুরক্ষা ও পুনরুজ্জীবনে শ্রেষ্ঠত্বকে সম্মান করার জন্য স্টেটের ঐতিহাসিক সংরক্ষণ পুরস্কার প্রদান করে, যা 1980 সালে শুরু করা হয়।

নিউ ইয়র্ক স্টেট পার্কসের (New York State Parks) কমিশনার এরিক কুলেসিড বলেন, "ঐতিহাসিক সংরক্ষণ একটি সহযোগিতামূলক কাজ এবং ঐতিহাসিক সংরক্ষণের শক্তিকে কাজে লাগায় এবং এর লক্ষণীয় সম্ভাবনা প্রদর্শন করে এমন প্রকল্পসমূহকে স্বীকৃতিদানের এই সুযোগকে আমরা স্বাগত জানাচ্ছি। আমরা পুরো নিউ ইয়র্ক স্টেটের প্রকল্পসমূহের সক্রিয় অংশীদার হতে পেরে গর্বিত এবং সংরক্ষণকে সম্ভব করা সকল ব্যক্তি ও গোষ্ঠীকে অভিনন্দন জানাচ্ছি। তাদের অসাধারণ প্রচেষ্টা ও সৃজনশীল ভিশন অনুপ্রেরণাদায়ক এবং আমাদের সম্প্রদায়সমূহে এর ইতিবাচক, দীর্ঘমেয়াদি প্রভাব রয়েছে।"

এই বছরের 2022 স্টেট ঐতিহাসিক সংরক্ষণ পুরষ্কার পেয়েছে:

সিন্থিয়া হক
ঐতিহাসিক সংরক্ষণে অসাধারণ অবদান
সিন্থিয়া হককে *ঐতিহাসিক সংরক্ষণে অসাধারণ অবদানের* জন্য স্বীকৃতি প্রদান করা হয়েছে। স্টেটের সাংস্কৃতিক ও ঐতিহাসিক সংস্থানের উপর তার কয়েক দশক দীর্ঘ ক্যারিয়ার এবং ঐতিহাসিক সংরক্ষণ পরিকল্পনা, মেন্টরশিপ, এবং সম্প্রদায়ে জড়িত হওয়ার নিবেদনের অপরিমেয় প্রভাব রয়েছে।

ইস্ট হারলেম সাউথ/এল ব্যারিও প্রাথমিক নিরীক্ষা পর্যায়ের জরিপ, নিউ ইয়র্ক সিটি, নিউ ইয়র্ক কাউন্টি
ঐতিহাসিক সংরক্ষণ নথিভুক্তিতে শ্রেষ্ঠত্ব
ইস্ট হারলেম সাউথ/এল ব্যারিও প্রাথমিক নিরীক্ষা পর্যায়ের জরিপ *ঐতিহাসিক সংরক্ষণ নথিভুক্তিতে শ্রেষ্ঠত্বের* কারণে স্বীকৃতি পেয়েছে। নিউ ইয়র্ক সিটির এই অংশের প্রথম সার্বিক ঐতিহাসিক/সাংস্কৃতিক সংস্থান জরিপ হিসেবে, প্রতিবেদনটি এলাকার গঠিত পরিবেশ ও সাংস্কৃতিক গুরুত্ব উপলব্ধি করার জন্য একটি গুরুত্বপূর্ণ বস্তু। এটি স্টেটব্যাপী অন্যান্য সম্প্রদায়ের জন্য প্রাথমিক নিরীক্ষা পর্যায়ের জরিপ প্রতিবেদনের একটি আদর্শ হিসেবে কাজ করবে।

এফ. আর. বাইন হাউজ, পাকিপ্সি, ডাচেস কাউন্টি
ঐতিহাসিক ভবন পুনর্বাসনে শ্রেষ্ঠত্ব
এফ. আর. বাইন হাউজ *ঐতিহাসিক ভবন পুনর্বাসনে শ্রেষ্ঠত্বের* স্বীকৃতি পেয়েছে। প্রকল্পটি ঐতিহাসিক বাড়ির মালিকানা পুনর্বাসন ক্রেডিট ব্যবহার করে তার 1888 কুইন অ্যান ধাঁচের বাড়িটির সযত্নে সংস্কার করতে বাড়ির মালিক কিম্বার্লি ব্রেডেনের বহুবছরের প্রচেষ্টার চূড়ান্ত রূপ।

ঐতিহাসিক ব্রিজ পুনর্বাসন প্রকল্পসমূহ, ওয়েইন এবং ওয়াইয়োমিং কাউন্টি
ঐতিহাসিক সংরক্ষণ পরামর্শদানে শ্রেষ্ঠত্ব
ঐতিহাসিক ব্রিজসমূহকে অর্থপূর্ণ ও সৃজনশীলভাবে পুনর্জীবিত করতে একাধিক পক্ষের সহযোগিতামূলক প্রচেষ্টা - বিশেষ করে ওয়াইয়োমিং কাউন্টির শোয়েলকফ রোড ব্রিজ এবং ওয়েইন কাউন্টির ম্যাসেডনে ইরি ক্যানালের উপরের কোয়াকার/ও'নীল রোড ব্রিজ - স্বীকৃতি পাচ্ছে
ঐতিহাসিক সংরক্ষণ পরামর্শদানে শ্রেষ্ঠত্বের জন্য।

জে এস্টেট গার্ডেন, জে হেরিটেজ সেন্টার, রাই, ওয়েস্টচেস্টার কাউন্টি
অলাভজনক অর্জনে শ্রেষ্ঠত্ব
জে হেরিটেজ সেন্টারের জে এস্টেট গার্ডেনকে *অলাভজনক অর্জনে শ্রেষ্ঠত্বের* স্বীকৃতি দেওয়া হয়েছে। বাগানগুলির রূপান্তরকারী নকশা শুধু ঐতিহাসিক প্রসঙ্গের প্রতিফলন করে না, বরং স্থানীয় প্রজাতি ও মূল স্বর পুনর্বাসন এবং অংশীদারিত্ব ও জনগণকে জড়িত করার মাধ্যমে টেকসই ল্যান্ডস্কেপের কদর ও উপলব্ধি অর্জন করার উদ্দেশ্যের উপর জোর দান করে।

লিলি ডেল অ্যাসেম্বলি ঐতিহাসিক জেলা, লিলি ডেল, শ্যাটাকোয়া কাউন্টি
সম্প্রদায়ের অর্জনে শ্রেষ্ঠত্ব
লিলি ডেল অ্যাসেম্বলি ঐতিহাসিক জেলা *সম্প্রদায়ের অর্জনে শ্রেষ্ঠত্বের* জন্য স্বীকৃতি পেয়েছে। আধ্যাত্মবাদ এবং নারী অধিকার আন্দোলনে এই সম্প্রদায়ের ঐতিহাসিক অবদানের জন্য একে মনোনীত করার প্রচেষ্টার নেতৃত্ব দিয়েছে সম্প্রদায়ের সেই সদস্যরা যাদের অ্যাডভোকেসি এবং অধ্যবসায় জেলাতে 200টির বেশি ঐতিহাসিক সংস্থানকে সফলভাবে সনাক্ত করেছে, যা এখন জাতীয় ও স্টেট ঐতিহাসিক স্থানের নিবন্ধন তালিকায় স্থান পেয়েছে।

নায়াগ্রা রিভার গর্জ অ্যাক্সেস সিঁড়ি পুনর্বাসন প্রকল্পসমূহ, নায়াগ্রা ফলস, নায়াগ্রা কাউন্টি
OPRHP প্রকল্প অর্জনে শ্রেষ্ঠত্ব
ডেভিলস হোল এবং হোয়ার্লপুল স্টেট পার্কার নায়াগ্রা রিভার গর্জ অ্যাক্সেস সিঁড়ি পুনর্বাসন প্রকল্পসমূহ *পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিসের (Office of Parks, Recreation and Historic Preservation, OPRHP) প্রকল্প অর্জনে শ্রেষ্ঠত্বের* স্বীকৃতি পেয়েছে। প্রকল্পটি ঐতিহাসিক সংরক্ষণকে ব্যবহারের সাথে মিশ্রিত করেছে এবং নিরাপত্তা উন্নয়নকে অগ্রাধিকার করার সাথে ঐতিহাসিক পাথরের সিঁড়ির নকশাকে সম্মান করেছে।

ওল্ড স্নেল হল, পটসড্যাম, সেইন্ট লরেন্স কাউন্টি
ঐতিহাসিক ভবন পুনর্বাসনে শ্রেষ্ঠত্ব
ওল্ড স্নেল হল পটসড্যামের কেন্দ্রে একটি অত্যন্ত দৃশ্যমান পুনরায় বিনিয়োগ প্রকল্পের জন্য *ঐতিহাসিক ভবন পুনর্বাসনে শ্রেষ্ঠত্বের* স্বীকৃতি পেয়েছে, প্রকল্পটি একটি সফল ঐতিহাসিক সংরক্ষণ আদর্শ গ্রহণ করেছে এবং একটি স্বল্প ব্যবহৃত সম্প্রদায়ের সংস্থানকে একটি নতুন মিশ্র ব্যবহারের স্থানে রূপান্তরিত করার মাধ্যমে তাতে প্রাণ সঞ্চার করেছে।

পিয়ার 57, নিউ ইয়র্ক সিটি, নিউ ইয়র্ক কাউন্টি
ঐতিহাসিক ভবন পুনর্বাসনে শ্রেষ্ঠত্ব
পিয়ার 57 *ঐতিহাসিক ভবন পুনর্বাসনে শ্রেষ্ঠত্বের* জন্য স্বীকৃতি পেয়েছে। নিউ ইয়র্ক সিটির একটি ঐতিহাসিক পিয়ারের এই অভিযোজিত পুনর্ব্যবহার প্রকল্পটি শহরের ইতিহাসের জন্য আইকন স্বরূপ এমন একটি কাঠামোর সংরক্ষণের একটি অনন্য প্রথম উদাহরণ। নিউ ইয়র্ক স্টেট এবং ফেডারেল ঐতিহাসিক কর ক্রেডিটের মাধ্যমে সম্ভব করা অগ্রগামী এই ভিশনটি এখন 1950 দশকের উদ্ভাবনী নির্মাণ প্রযুক্তিকে একটি সমন্বিত সমসাময়িক নকশার সাথে মিশ্রিত করে।

টি বিল্ডিং, কুইন্স, কুইন্স কাউন্টি
ঐতিহাসিক ভবন পুনর্বাসনে শ্রেষ্ঠত্ব
টি বিল্ডিং *ঐতিহাসিক ভবন পুনর্বাসনে শ্রেষ্ঠত্বের* জন্য স্বীকৃতি পেয়েছে। অতি প্রয়োজনীয় সমর্থক আবাসন এবং স্থানীয় সম্প্রদায়ের সেবার জন্য স্থান তৈরির পাশাপাশি নিউ ইয়র্ক স্টেট এবং ফেডারেল ঐতিহাসিক পুনর্বাসন কর ক্রেডিটের মাধ্যমে সম্ভব হওয়া এই অভিযোজিত পুনর্ব্যবহারের প্রকল্পটি ভবনের মূল আর্ট মডার্ন ধাঁচের অনেকগুলি বৈশিষ্ট্য পুনর্বাসিত করেছে এবং এটি পুনরুজ্জীবিত স্থাপত্যের একটি লক্ষণীয় নিদর্শন।

নিউ ইয়র্ক স্টেটের ঐতিহাসিক সংরক্ষণ বিভাগের (New York State Division for Historic Preservation, DHP) মিশন হলো সকল বাসিন্দা ও বাইরে থেকে আসা মানুষের জন্য স্টেটের গতিশীল ইতিহাসের সাথে একটি অর্থপূর্ণ সংযোগ তৈরি করা এবং বিভাগটি ঐতিহাসিক ও সাংস্কৃতিক সংস্থান রক্ষা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। DHP, যা নিউ ইয়র্ক স্টেটের পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিসের অংশ, ভবিষ্যৎ প্রজন্মের জন্য ঐতিহাসিক স্থানের মূল্য সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করতে কাজ করে এবং স্টেটের অতীত ও বর্তমানের মানুষের বৈচিত্র্যের প্রতিনিধিত্বকারী একটি আরো সম্পূর্ণ গল্প বলার জন্য জটিল আখ্যানটি সম্প্রসারিত করে। বিভাগের পূর্ণাঙ্গ কাজ সম্পর্কে আরো জানুন অনলাইনে।।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418